# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ দু'য়া ও যিকর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দু হাত তুলে মুনাজাত কি বিদআত?

দু হাত তুলে মুনাজাত কোথাও সুন্নত, কোথাও বিদআত। এমন ক্ষেত্রে দু হাত তুলে মুনাজাত জায়েয, যে ক্ষেত্রে মহানবী (সঃ) দুআ করেছেন বলে প্রমাণিত নয়। অর্থাৎ প্রয়োজনে আম সময়ের ক্ষেত্রে দু হাত তুলে মুনাজাত জায়েয।

এমন ক্ষেত্রে দু হাত তুলে মুনাজাত সুন্নত, যে ক্ষেত্রে মহানবী (সঃ) দুআ করেছেন এবং দু হাত তুলেছেন বলে প্রমাণিত। যেমন জুমআর খুতবায় বৃষ্টি প্রার্থনার সময়, কুনূত পড়ার সময়, কবর যিয়ারতের সময় ইত্যাদি।

এমন ক্ষেত্রে দু হাত তুলে মুনাজাত বিদআত, যে ক্ষেত্রে মহানবী (সঃ) দুআ করেছেন বলে প্রমাণিত, কিন্তু তিনি সেখানে হাত তুলেছেন বলে প্রমাণিত নয়। যেমন জুমআ বা ঈদের খুতবার শেষে, দুই সিজদার মাঝখানে, তাশাহহুদে, নামাযের সালাম ফিরার আগে ও পরে, আযানের পরে ইত্যাদি। ৪৬৭ (ইবনে বায)

Source — https://www.hadithbd.com/books/link/?id=364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন